আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
তারিখ:.............
★ বাজেট শাখা ★

ক. বাজেট কাঠামো (MBF)

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
তারিখ:..............
বাজেট শাখা

মঞ্জুরি নং- ০৯

১১২ - আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০২৩-২৪	প্রক্ষেপণ	
		২০২৪-২৫	২০২৫-২৬
পরিচালন ব্যয়	৯৭,৫৯,০০	১০৬,৮৬,০০	১১৭,০১,০০
উন্নয়ন ব্যয়	২৮৫১,৩০,০০	৩১২২,১৭,০০	৩৪১৮,৭৮,০০
মোট	**২৯৪৮,৮৯,০০**	**৩২২৯,০৩,০০**	**৩৫৩৫,৭৯,০০**
আবর্তক	১৭৭,৯৮,৮০	১২৯,২৯,০৯	১১৬,৩৩,০০
মূলধন	৭৮,৮২,২০	৬১,০০	৬৮,০০
আর্থিক সম্পদ	২৬৯২,০৮,০০	৩০৯৯,১২,৯১	৩৪১৮,৭৮,০০
দায়	০	০	০
মোট	**২৯৪৮,৮৯,০০**	**৩২২৯,০৩,০০**	**৩৫৩৫,৭৯,০০**

১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

নীতিগত ও প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালী করার মাধ্যমে অন্তর্ভুক্তিমূলক আর্থিক বাজার সৃষ্টি ও সেবা ব্যবস্থার মানোন্নয়ন।

১.২ প্রধান কার্যাবলি

১.২.১. ব্যাংক, বীমা, পুঁজিবাজার ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান সংশ্লিষ্ট আইন, বিধি, প্রবিধি, নীতি প্রণয়ন ও সংশোধন;

১.২.২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন;

১.২.৩. প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণের মাধ্যমে আর্থিক বাজার ও প্রতিষ্ঠান উন্নয়ন;

১.২.৪. আর্থিক খাতের নিয়ন্ত্রক প্রতিষ্ঠানসমূহের কাজের সমন্বয় সাধন;

১.২.৫. রাষ্ট্রমালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কার্যক্রমের সামগ্রিক পরিবীক্ষণ ও মূল্যায়ন;

১.২.৬. পুঁজিবাজারে নতুন প্রোডাক্ট প্রচলনের মাধ্যমে বাজার সম্প্রসারণ ও উত্তম মৌলভিত্তিসম্পন্ন সিকিউরিটিজ সরবরাহ;

১.২.৭. 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' বাস্তবায়ন, বীমা দাবী নিষ্পত্তির হার বৃদ্ধি এবং বীমা বিষয়ে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম পরিচালনা; এবং

১.২.৮. ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র বিমোচন।

২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য	কার্যক্রমসমূহ	বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা
১	২	৩
১. প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ	• আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সম্পর্কিত আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন ও সংশোধন;	• সচিবালয়
২. ব্যাংকসমূহের পেশাদারিত্ব এবং আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি	• ব্যাংকিং খাতে প্রাপ্ত বয়স্ক জনগণের অংশগ্রহণ বৃদ্ধি • রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের শ্রেণিকৃত ঋণ হ্রাসকরণ • কৃষি খাতে ঋণ প্রদান তত্ত্বাবধান; • এসএমই খাতে ঋণ প্রদান তত্ত্বাবধান; • মোবাইল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ।	• বাংলাদেশ ব্যাংক
৩. পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণ	• পুঁজিবাজারে নতুন বিনিয়োগ বৃদ্ধি; • পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি বৃদ্ধি; • মূলধন উত্তোলনের লক্ষ্যে আইপিও/আরপিও/রাইট/ডেট সিকিউরিটিজ ইস্যুকরণ; • দেশব্যাপি ফাইন্যান্সিয়াল লিটারেসি ও বিনিয়োগকারীগণের প্রশিক্ষণ প্রদান।	• বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
	• পুঁজিবাজারে বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষণ; • পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং সার্টিফিকেট কোর্স অন ক্যাপিটাল মার্কেট প্রোগ্রাম আয়োজন	• বাংলাদেশ ইন্স্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট
৪. বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি ও শৃঙ্খলা সুসংহতকরণ	• বীমা বিষয়ক বিধিমালা/প্রবিধানমালা প্রণয়ন; • বীমা দাবী নিষ্পত্তির হার বৃদ্ধি; • বীমা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি।	• বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
	• বীমা বিষয়ে প্রশিক্ষণ প্রদান।	• বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি
৫. সুনিয়ন্ত্রিত ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনা সহায়তা জোরদার	• ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায়; • এমএফআই সুবিধাভোগীদের সংখ্যা বৃদ্ধি; • নারীদের মধ্যে ক্ষুদ্রঋণ বিতরণ।	• মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
তারিখ.............
বাজেট শাখা

৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: দেশের ব্যাংক ও নন-ব্যাংক প্রতিষ্ঠান এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সম্পর্কিত আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন ও সংশোধন নিশ্চিত হলে দারিদ্র্য নিরসনে সহায়ক হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সম্পর্কিত আইন, বিধি ও নীতিমালা প্রণয়নের ফলে নারী উদ্যোক্তারা অধিকতর সুযোগ লাভ করবে, ফলে নারীদের নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

৩.১.২ ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহে পেশাদারিত্ব এবং আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: দেশের ব্যাপক জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় আনা সম্ভব হবে। ফলে অর্থনৈতিক কর্মকান্ডে অধিক সংখ্যক জনগোষ্ঠীর অংশগ্রহণ নিশ্চিত হবে, যা তাদের দারিদ্র্য নিরসনে সহায়ক হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: ব্যাংকিং খাত সম্প্রসারণের ফলে নারী উদ্যোক্তারা অধিকতর ব্যাংকিং সেবার সুযোগ লাভ করবে, ফলে নারীদের নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

৩.১.৩ পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণ:

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: পুঁজিবাজার সুশৃঙ্খল ও শক্তিশালী হলে মূলধন প্রাপ্তি সহজলভ্য হবে এবং দেশে নতুন নতুন শিল্প কারখানা স্থাপিত হবে। উক্ত শিল্প কারখানাসমূহে কর্মসংস্থানের সৃষ্টি হবে, যার ফলশ্রুতিতে দারিদ্র্য নিরসনের গতি ত্বরান্বিত হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: পুঁজিবাজার কার্যকর হলে শিল্পায়নের প্রক্রিয়া ত্বরান্বিত হবে, যার ফলে নারীদের অধিকতর কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

৩.১.৪ বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি ও শৃঙ্খলা সুসংহতকরণ:

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: বীমাখাতের প্রসারের ফলে অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন সম্ভব হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: বীমা খাতের আওতা প্রসারিত হলে অধিক সংখ্যক নারীর আর্থিক নিরাপত্তা বৃদ্ধি পাবে ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে, যা নারী সমাজের দারিদ্র্য নিরসনে সহায়ক হবে।

৩.১.৫ সুনিয়ন্ত্রিত ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনা সহায়তা জোরদার:

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব: তৃণমূল পর্যায়ে বিভিন্ন ধরনের উদ্যোক্তা সৃষ্টি ও আর্থিক বিকাশ সাধনে গৃহীত কার্যক্রম ও প্রশিক্ষণ এবং আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রদত্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের মাধ্যমে দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব: বিভিন্ন ধরনের কারিগরি, বৃত্তিমূলক, আয়বর্ধক কার্যক্রম ও প্রশিক্ষণ নারী সমাজের সামাজিক ও আর্থিক উন্নয়নে সহায়তা করবে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট	প্রক্ষেপণ	
	২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
দারিদ্র্য নিরসন	১৮৪৩,১১,৫৬	১৬২২,৬৯,২০	১৬২৬,৮২,৪৯
নারী উন্নয়ন	৪০২,৩১,৬০	৪০২,৫৫,৭২	৩৮৮,১৪,৬৫

[stamp]

৪.১ অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
১. ব্যাংক ও আর্থিক খাত সংস্কার ব্যাংকগুলোর ঋণ ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ নিরীক্ষা, হিসাব, ঝুঁকি ব্যবস্থাপনা, মানব সম্পদ উন্নয়ন, তহবিল ব্যবস্থাপনা, শাখা ব্যবস্থাপনা এবং অটোমেশন সংক্রান্ত চলমান সংস্কার কাজে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হচ্ছে। এর মাধ্যমে ব্যাংকিং খাতের দক্ষতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সম্ভব হবে বিধায় এ খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হয়েছে। এছাড়া কৃষিঋণ বিতরণ, এজেন্ট/মোবাইল ব্যাংকিং, স্কুল ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির উদ্যোগ নেয়া হয়েছে। আর্থিক খাতের সংস্কারমূলক পদক্ষেপ হিসেবে রাষ্ট্রমালিকানাধীন ব্যাংকের পরিচালনা পর্ষদ পুনর্গঠন করা হয়েছে। সময়ের চাহিদার পরিপ্রেক্ষিতে রাষ্ট্রমালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মূলধন বৃদ্ধি (Capitalization) এবং মূলধন ঘাটতি পুনর্ভরণ (Re-capitalization) এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কোম্পানি আইন-১৯৯৪ সংশোধন, শেয়ার বাজারে বাণিজ্যিক ব্যাংকসমূহের শেয়ার হোল্ডিং সীমিতকরণ, ব্যাংকগুলোর সাথে সরকারের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর এবং বাংলাদেশ ব্যাংকের সাথে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোর ইতঃপূর্বে সম্পাদিত সমঝোতা স্মারক (MOU) সংশোধন করা হয়েছে।	• প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ
২. ব্যাংক ও নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠানসমূহে পেশাদারিত্ব এবং আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি ব্যাংকিং ও আর্থিক খাতের প্রাতিষ্ঠানিক কার্যক্রমের মূলধারায় সামাজিক দায়বোধ দৃঢ়ভাবে সুপ্রোথিত করার উদ্যোগ জোরদার করা হয়েছে। আর্থিক অন্তর্ভুক্তির অংশ হিসেবে গরিব কৃষকদের ১০ টাকায় ব্যাংক হিসাব খোলার সুযোগ করে দেয়া হয়েছে। সেপ্টেম্বর, ২০২২ পর্যন্ত উক্ত ১০ টাকায় ব্যাংক হিসাবের সংখ্যা ৯৮,৮৩,৬৮৯টি এবং হিসাবসমূহে জমাকৃত টাকার পরমিাণ ৬০২.৩২ কোটি টাকা। এ প্রক্রিয়ায় সরকারের বিভিন্ন সামাজিক নিরাপত্তা কর্মসূচির অর্থ বিতরণ, অসহায় মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র জীবনবীমা গ্রহীতা, বেকার তরুণ, পরিচ্ছন্নতাকর্মী, গার্মেন্টস্ শ্রমিক, এমনকি পথশিশু/কর্মজীবী শিশুরাও ব্যাংক হিসাব খুলতে পারছে। আর্থিক অন্তর্ভুক্তি ত্বরান্বিত করার পথে অন্যতম গুরুত্বপূর্ণ পদক্ষেপ হলো 'স্কুল ব্যাংকিং'। এটি শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে ব্যাপক সাড়া ফেলেছে। আর্থিক অন্তর্ভুক্তির অভিযানকে আরেক ধাপ এগিয়ে নিতে বাংলাদেশ ব্যাংক এজেন্ট ব্যাংকিং নীতিমালা প্রণয়ন করেছে। যার মাধ্যমে ব্যাংকগুলো তাদের কিছু কিছু ব্যাংকিং সেবা যেমন বৈদেশিক রেমিট্যান্স বিতরণসহ স্বল্প পরিমাণের অর্থ জমা ও উত্তোলন, ব্যাংক হিসাব খোলার কাগজপত্রাদি বিতরণ ও সংগ্রহ, ছোট আকারের ঋণ বিতরণ ইত্যাদি কার্যক্রম প্রত্যন্ত অঞ্চলের জনপদে পৌঁছে দিচ্ছে। এছাড়াও শ্রেণীকৃত ঋণ আদায় বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম ও কর্মপরিকল্পনা গ্রহণ অব্যাহত আছে।	• আর্থিক প্রতিষ্ঠানসমূহে পেশাদারিত্ব এবং আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধি
৩. অধিকতর কার্যকর পুঁজিবাজার প্রতিষ্ঠা বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণের জন্য পুঁজিবাজারের স্টক ব্রোকার ও সাব-ব্রোকার, শেয়ার হস্তান্তরকারী প্রতিনিধি, ইস্যু ব্যাংকার, মার্চেন্ট ব্যাংকার, ইস্যু নিবন্ধক ও ম্যানেজার, অবলিখক, পোর্টফলিও ম্যানেজার, বিনিয়োগ উপদেষ্টা এবং পুঁজিবাজারের সংগে সম্পৃক্ত অন্যান্য প্রতিষ্ঠানের কার্যকর সমন্বয়ের জন্য যথাযথ আইনী কাঠামো তৈরির পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। এ খাতে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট গঠন করা হয়েছে। পুঁজি বাজার সংশ্লিষ্ট দক্ষ জনগোষ্ঠি তৈরির লক্ষ্যে উন্নততর ও মানসম্মত প্রশিক্ষণ ব্যবস্থা গড়ে তোলার জন্য এ প্রতিষ্ঠানকে আধুনিকায়ন ও সম্প্রসারণ করার উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি-কে শক্তিশালী করার জন্য জনবল ও অন্যান্য সরঞ্জাম বৃদ্ধি করা হয়েছে। পুঁজিবাজারে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র	• পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণ

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
তারিখ.............
★ বাজেট শাখা ★

অগ্রাধিকার ব্যয় খাত/কর্মসূচিসমূহ	সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য
বিনিয়োগকারীদের সহায়তার লক্ষ্যে পুনঃঅর্থায়ন কার্যক্রম চলছে বিধায় এ খাতকে তৃতীয় অগ্রাধিকার খাত হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।	
৪. বীমা খাতের অন্তর্ভুক্তি এবং বীমা সম্পর্কে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধি বীমা শিল্প ব্যবসার তত্ত্বাবধান, বীমা পলিসি গ্রাহক ও পলিসির অধীনে উপকারভোগীদের স্বার্থ সংরক্ষণ এবং বীমা শিল্পের নিয়মতান্ত্রিক উন্নয়ন ও নিয়ন্ত্রণের লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর আওতায় উক্ত কর্তৃপক্ষ কার্যক্রম পরিচালনা করেছে। আইসিটি'র ব্যবহার বৃদ্ধি এবং সংস্কারের মাধ্যমে বীমা খাতের উপর জনগণের আস্থা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বীমা পেশায় প্রশিক্ষিত ও পেশাদার জনবল গড়ে তোলার উদ্দেশ্য বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমির মাধ্যমে এ পেশার সাথে জড়িতদের নিয়মিত প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। বীমা ক্ষেত্রে প্রশিক্ষণের পরিমাণ ও মান বৃদ্ধির জন্য এবং এটিকে আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার উদ্দেশ্যে এর অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। বীমা শিল্পের গুরুত্ব বিবেচনায় এ খাতকে চতুর্থ অগ্রাধিকার খাত হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।	• বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি ও শৃঙ্খলা সুসংহতকরণ।
৫. উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কর্মসংস্থান এবং আর্থিক সহায়তা প্রদান মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ), পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ), সোস্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ), বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ), ইকুইটি সাপোর্ট ফান্ড (ইএসএফ), স্মল এন্টারপ্রাইজ ফান্ড (এসইএফ) এর তত্ত্বাবধানে/আওতায় ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টি ও উন্নয়ন, কৃষিভিত্তিক শিল্প এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি (ICT) খাতে বিনিয়োগের মাধ্যমে গৃহীত বিভিন্ন কার্যক্রমের ফলে দেশের প্রত্যন্ত অঞ্চলে ব্যাপক হারে উদ্যোক্তা ও কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। ক্ষুদ্রঋণ কার্যক্রমে দরিদ্র জনগোষ্ঠীর জন্য সামাজিক ও অবকাঠামোগত সুবিধা সৃষ্টি এবং অতি দরিদ্র, বিশেষত যুবমহিলাদের এতে অগ্রাধিকার দেয়া হচ্ছে। ক্ষুদ্রঋণ খাতকে পঞ্চম অগ্রাধিকার কর্মসূচি হিসেবে চিহ্নিত করা হয়েছে।	• সুনিয়ন্ত্রিত ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনায় সহায়তা জোরদার।

৪.২ মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৩-২৪ হতে ২০২৫-২৬)

৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

বিবরণ	বাজেট	সংশোধিত বাজেট	বাজেট ২০২৩-২৪	প্রক্ষেপণ	
	২০২২-২৩			২০২৪-২৫	২০২৫-২৬
সচিবালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	২৮৫১,৮২,০০	৩৩৫৫,৮৭,৮০	২৯৪৮,৮৯,০০	৩২২৯,০৩,০০	৩৫৩৫,৭৯,০০
সর্বমোট :	২৮৫১,৮২,০০	৩৩৫৫,৮৭,৮০	২৯৪৮,৮৯,০০	৩২২৯,০৩,০০	৩৫৩৫,৭৯,০০

৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

অর্থনৈতিক গ্রুপ কোড	বিবরণ	বাজেট	সংশোধিত বাজেট	বাজেট ২০২৩-২৪	প্রক্ষেপণ	
		২০২২-২৩			২০২৪-২৫	২০২৫-২৬
	আবর্তক ব্যয়					
৩১১১	নগদ মজুরি ও বেতন	৭,০৯,৪২	৭,১২,৪২	৭,৮৮,৭০	৮,৫২,২৪	৮,৮৭,১৪

অর্থনৈতিক গ্রুপ কোড	বিবরণ	বাজেট	সংশোধিত বাজেট	বাজেট ২০২৩-২৪	প্রক্ষেপণ	
		২০২২-২৩			২০২৪-২৫	২০২৫-২৬
৩২১১	প্রশাসনিক ব্যয়	৮৪,৮৭	৭৪,৬৭	১,১৮,৯৭	১,২২,৪২	১,১২,৭০
৩২৩১	প্রশিক্ষণ	১,০০,০০	১,০০,০০	১,১৬,০০	১,১০,০০	৯৫,০০
৩২৪৩	পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট	১২,০০	১২,০০	১৩,০০	১৪,০০	১৪,৫০
৩২৪৪	ভ্রমণ ও বদলি	২৫,২৫	১৪,৫০	২৭,৭৫	২৯,২৫	২৬,৭৫
৩২৫৫	মুদ্রণ ও মনিহারি	৩৫,৪৮	২৮,৬৮	৩৮,৭৪	৪৭,৫৩	৫২,৫০
৩২৫৬	সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী	৬৮	৫৩	৭০	৫,০০	৬,০০
৩২৫৭	পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয়	২১,৮০,৬০	১৬,৩০,৬০	১২,৭৬,৫৪	৫,০৯,২০	২,১২,৮০
৩২৫৮	মেরামত ও সংরক্ষণ	১,৮৭,৬০	১,৭৩,৬০	১,৮৫,১০	২,২৪,৬০	২,২৭,৫০
৩৬৩১	আবর্তক অনুদান	৯৯,৩৭,৬০	৮৭,৪৬,২৩	১১০,০২,৩০	১০৮,৯৭,২২	৯৫,০৮,৮১
৩৬৩২	মূলধন অনুদান	২৩,০০	১৪,৩৭	২৪,০০	৬৪,০০	৯০,২০
৩৮২৩	প্রকল্পের আবর্তক স্থানান্তর	৭২,৯৫,০০	৪৬,৯৫,০০	৪২,০৭,০০	০	০
৩৯১১	সংরক্ষিত	৫২,৫০	০	০	৫৩,৬৩	৩,৯৯,১০
	মোট : - আবর্তক ব্যয়	**২০৬,৪৪,০০**	**১৬২,০২,৬০**	**১৭৭,৯৮,৮০**	**১২৯,২৯,০৯**	**১১৬,৩৩,০০**
	মূলধন ব্যয়					
৪১১২	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	৩৪,০০	১৩,২০	৪২,২০	৬১,০০	৬৮,০০
৪২১১	প্রকল্প মূলধন ব্যয়	২৫০,৮১,০০	৩৪৫,৭৭,০০	৭৮,৪০,০০	০	০
৪৯১১	সংরক্ষিত	৮,৮৩,০০	০	০	০	০
	মোট : - মূলধন ব্যয়	**২৫৯,৯৮,০০**	**৩৪৫,৯০,২০**	**৭৮,৮২,২০**	**৬১,০০**	**৬৮,০০**
	সম্পদ					
৭২১৫	ঋণ	২৩৮৫,৪০,০০	২৮৪৭,৯৫,০০	২৬৯২,০৮,০০	৩০৯৯,১২,৯১	৩৪১৮,৭৮,০০
	মোট : - সম্পদ	**২৩৮৫,৪০,০০**	**২৮৪৭,৯৫,০০**	**২৬৯২,০৮,০০**	**৩০৯৯,১২,৯১**	**৩৪১৮,৭৮,০০**
	সর্বমোট :	**২৮৫১,৮২,০০**	**৩৩৫৫,৮৭,৮০**	**২৯৪৮,৮৯,০০**	**৩২২৯,০৩,০০**	**৩৫৩৫,৭৯,০০**

৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key Performance Indicators)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
			২০২১-২২		২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
১. ২০৩০ সালের মধ্যে ব্যাংকিং খাতে আর্থিক অন্তর্ভুক্তি ১০০% এ উন্নীত করা	২	%	৮৪	৮৪	৮৫	৮৫	৮৬	৮৭	৮৮
২. ২০৩০ সালের মধ্যে শ্রেণিকৃত ঋণের হার ১০% এ নামিয়ে আনা	২	%	২৩	২১.৯৩	২৩	২৩	২২	২১	২০
৩. ২০৩০ সালের মধ্যে অধিকতর কার্যকর পুঁজিবাজার প্রতিষ্ঠার লক্ষ্যে তালিকাভুক্ত কোম্পানি বৃদ্ধির হার ১০% এ উন্নীত করা	৩	%	৪.৭৫	৪.৭৫	৫.০০	৫.০০	৫.২৫	৫.৫০	৫.৭৫
৪. ২০৩০ সালের মধ্যে বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধির হার ৫% এ উন্নীত করা	৪	%	২.৫	২.৫০	২.৫০	২.৫০	২.৭৫	৩	৩.২৫
৫. ২০৩০ সালের মধ্যে সুবিধাভোগী এমএফআই সদস্যদের সঞ্চয় বৃদ্ধির হার ২৫% এ উন্নীত করা	৫	%	১৮	১৮	১৯	১৯	২০	২১	২২

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
তারিখ:...............
বাজেট শাখা

৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ এবং ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

৬.১ সচিবালয়

৬.১.১ সাম্প্রতিক অর্জন: আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক 'জাতীয় আর্থিক অন্তর্ভুক্তিকরণ কৌশল পত্র' প্রণয়ন করা হয়েছে। এর মধ্যে ৯টি প্যাকেজ/কার্যক্রম সরাসরি আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের সাথে জড়িত যা যথাসময়ে বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করা হচ্ছে। রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকদের জন্য কর্মকৃতি নির্দেশক প্রচলন এবং পরিচালনা পর্ষদের পরিচালকগণের প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে, ফলে পরিচালকগণ ব্যাংকিং কার্যক্রম সম্পর্কে অবহিত হবেন এবং ব্যাংকিং খাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম হবেন। মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বিস্তারের লক্ষ্যে সকল রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংক কাজ করছে। ব্যাংক হিসাব খোলা সহজিকরণের নিমিত্ত ২০২০ সাল হতে নতুন KYC ফরম চালু করা হয়েছে। বিদেশি বিনিয়োগ বান্ধব ব্যাংকিং সার্ভিস প্রচলনের জন্য বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বীমা শিল্প প্রসারের লক্ষ্যে সরকার কর্তৃক ০৯ জানুয়ারি ২০২০ তারিখে ০১ মার্চকে 'খ' ক্যাটাগরিভুক্ত 'জাতীয় বীমা দিবস' হিসেবে ঘোষণা করা হয় যা প্রতিবছর পালন করা হয়। এ দিবসটি উদযাপনের ফলে বীমা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি পাচ্ছে যা বীমা শিল্পের প্রসারে অবদান রাখবে। মুজিববর্ষে শিক্ষার্থীদের জন্য 'বঙ্গবন্ধু শিক্ষা বীমা' স্কিম চালু করা হয়েছে। এতে পিতা-মাতার অবর্তমানে বা অন্য কোন কারণে শিক্ষার্থীদের শিক্ষাজীবন বাধাগ্রস্ত হবে না। ব্যাংকিং খাতের মানোন্নয়নকল্পে রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের মানব সম্পদ নীতিমালা প্রণয়ন ও অটোমেশন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ব্যাংকসমূহে বিরাজমান জনবল সংকট নিরসন, ব্যবস্থাপনার উর্ধ্বতন পর্যায়ে নতুন পদ সৃজন এবং পরিচালনা পর্ষদে অভিজ্ঞ লোক নিয়োগ দেয়া হয়েছে। কৃষিঋণ বিতরণ, এজেন্ট/মোবাইল ব্যাংকিং, স্কুল ব্যাংকিং কার্যক্রমের মাধ্যমে আর্থিক অন্তর্ভুক্তি বৃদ্ধির উদ্যোগ নেয়া হয়েছে। বীমা খাতে অন্তর্ভুক্তি বৃদ্ধি ও শৃঙ্খলা সুসংহতকরণের লক্ষ্যে বীমা আইনের আওতায় ২০২০-২১ অর্থবছরে ইতোমধ্যে ৩ (তিন)টি বিধিমালা/ প্রবিধানমালা জারি করা হয়েছে এবং ১,২৭৫ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পুঁজিবাজারের কার্যকারিতা বৃদ্ধিকরণের জন্য ২০২০-২১ অর্থবছরে ইতোমধ্যে ৩ (তিন)টি বিধিমালা/প্রবিধানমালা জারি করা হয়েছে। পুঁজিবাজারে ৬,৮৩৭ জন বিনিয়োগকারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে, দেশব্যাপি ফাইন্যান্সিয়াল লিটারেসি প্রোগ্রাম চালু করা হয়েছে। সুনিয়ন্ত্রিত ক্ষুদ্রঋণ কার্যক্রম সম্প্রসারণ ও পরিচালনার লক্ষ্যে এমএফআই সুবিধাভোগীর সংখ্যা ৩২৫ লক্ষ তে উন্নীত করা হয়েছে। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ১০০% বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত আছে।

৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২১-২২		২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সম্পর্কিত আইন, বিধি ও নীতিমালা প্রণয়ন ও সংশোধন	প্রণীত ও সংশোধিত আইন/বিধি/ নীতিমালা	১	সংখ্যা	৪	৫	৬	৬	৫		৫

৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২১-২২	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮
পরিচালন কার্যক্রম							
সাধারণ কার্যক্রম							
১১২০১০১ - সচিবালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	১-৩	১২৫৭,৪৪,৮২	১২,৬০,৯০	১১,৪৮,৭০	১৩,০৬,২০	১৬,৬৭,৩৭	২১,০১,৯৯
মোট : সাধারণ কার্যক্রম		**১২৫৭,৪৪,৮২**	**১২,৬০,৯০**	**১১,৪৮,৭০**	**১৩,০৬,২০**	**১৬,৬৭,৩৭**	**২১,০১,৯৯**

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২১-২২	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮
সহায়তা কার্যক্রম							
১৩১০১৫০০০ - স্যোসাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এস.ডি.এফ.)	২	১০০,০০,০০	৬৪,৩৫,০০	৫২,৩৫,০০	৬৮,০০,০০	৭০,০০,০০	৭৪,০০,০০
১৩২০১১৯০০ - মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড	২	৩,৫০,০০	৩,৫০,০০	৩,৫০,০০	৩,৫০,০০	৪,২৩,৫০	৪,৬৫,৮৫
মোট : সহায়তা কার্যক্রম		**১০৩,৫০,০০**	**৬৭,৮৫,০০**	**৫৫,৮৫,০০**	**৭১,৫০,০০**	**৭৪,২৩,৫০**	**৭৮,৬৫,৮৫**
মোট : পরিচালন কার্যক্রম		**১৩৬০,৯৪,৮২**	**৮০,৪৫,৯০**	**৬৭,৩৩,৭০**	**৮৪,৫৬,২০**	**৯০,৯০,৮৭**	**৯৯,৬৭,৮৪**
উন্নয়ন কার্যক্রম							
বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত							
২১২০০০৪০০ - ফরেন ডিরেক্ট ইনভেস্টমেন্ট প্রমোশন প্রজেক্ট	২	১৭৪,৫৬,৬৬	৬২,০০,০০	৬২,০০,০০	৯০,০০,০০	১৪৮,০০,০০	০
২১২০০০৫০০ - আরবান বিল্ডিং সেফটি প্রজেক্ট	৩	৩১,৫০,০১	৭১,০০,০০	৫০,০০,০০	৫০,০০	০	০
২১২০০২৬০০ - পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন প্রকল্প (পিকেএসএফ)	২	৮৮৬,৫৬,৪৪	১২০৪,০৫,০০	১৭০৩,৭০,০০	১৬৪০,০০,০০	২৪১১,১২,৯১	৩২১৮,৭৮,০০
২১২০০২৮০০ - স্যোসাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন প্রকল্প (এসডিএফ)	২	১২২,৮২,০০	৭০০,০০,০০	৭০০,০০,০০	৬৫০,০০,০০	৫০০,০০,০০	২০০,০০,০০
২১২০০৩০০১ - বাংলাদেশের তৈরি পোষাক শিল্পের (আরএমজি) নিরাপত্তাজনিত সংস্কার ও পরিবেশগত বিশেষ উন্নয়ন সহায়তা কর্মসূচি	৪	৮৯,৪৩,৩৬	১৭৬,৩৫,০০	১৭৬,৩৫,০০	৬০,০০,০০	৪০,০০,০০	০
২১২০০৩১০০ - রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফিন্যান্স প্রজেক্ট	৩	২৮৬,৬২,৫০	২৫,০০,০০	৮,৯০,০০	০	০	০
২১২০০৩৪০১ - Line of Finance to Support SMEs Project in Bangladesh (BGD ১০৭৪)	১-৩	০	১৪৭,০০,০০	১৪৭,০০,০০	২৫১,৫৮,০০	০	০
মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত		**১৫৯১,৫০,৯৭**	**২৩৮৫,৪০,০০**	**২৮৪৭,৯৫,০০**	**২৬৯২,০৮,০০**	**৩০৯৯,১২,৯১**	**৩৪১৮,৭৮,০০**
বার্ষিক উন্নয়ন কর্মসূচি							
২২১০০০১১২ - আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অননুমোদিত প্রকল্পের জন্য সংরক্ষিত	১-৩	০	৮,৮৩,০০	০	০	০	০
২২৩০৩২২০০ - * বাংলাদেশের তৈরি পোশাক খাতের নিরাপত্তাজনিত সংস্কার ও পরিবেশগত উন্নয়ন প্রকল্প (০১/০১/২০১৮-৩১/১২/২০২২) অনুমোদিত	৪	৫৪,১১	২২,৬৬,০০	২২,৬৬,০০	৩০,০০,০০	২৩,০৪,০৯	০
মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি		**৫৪,১১**	**৩১,৪৯,০০**	**২২,৬৬,০০**	**৩০,০০,০০**	**২৩,০৪,০৯**	**০**
মোট : উন্নয়ন কার্যক্রম		**১৫৯২,০৫,০৮**	**২৪১৬,৮৯,০০**	**২৮৭০,৬১,০০**	**২৭২২,০৮,০০**	**৩১২২,১৭,০০**	**৩৪১৮,৭৮,০০**
মোট :		**২৯৫২,৯৯,৯০**	**২৪৯৭,৩৪,৯০**	**২৯৩৭,৯৪,৭০**	**২৮০৬,৬৪,২০**	**৩২১৩,০৭,৮৭**	**৩৫১৮,৪৫,৮৪**

৬.২ বাংলাদেশ ব্যাংক (বিবি)

৬.২.১ **সাম্প্রতিক অর্জন:** দেশের মূল্যস্ফীতি পরিমিত ও সহনশীল পর্যায়ে সীমিত রাখা এবং সরকার ঘোষিত কাঙ্ক্ষিত জিডিপি প্রবৃদ্ধি অর্জনে সহায়তার জন্য মুদ্রানীতি বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কতিপয় কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করে আসছে। ২০২১-২২ অর্থবছরে মোট অভ্যন্তরীণ ঋণের প্রবৃদ্ধি ছিল ১৬.১০ শতাংশ এবং চলতি ২০২২-২৩ অর্থবছরের ডিসেম্বর, ২০২২ শেষে মোট অভ্যন্তরীণ ঋণের বার্ষিক ভিত্তিতে প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ১৪.৯৮ শতাংশ। উল্লেখ্য, ২০২১-২২ অর্থবছরে বেসরকারি খাতে ঋণের প্রবৃদ্ধি ছিল ১৩.৬৬ শতাংশ এবং চলতি ২০২২-২৩ অর্থবছরের ডিসেম্বর, ২০২২ শেষে বার্ষিক ভিত্তিতে ১২.৮৯ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। ২০২১-২২ অর্থবছরে জুন ২০২২ শেষে সুদহারের ব্যাপ্তি ৩.১২ শতাংশ থেকে কিছুটা হ্রাস পেয়ে সর্বশেষ প্রাপ্ত ডিসেম্বর, ২০২২ শেষে তা ২.৯৯ শতাংশে দাঁড়িয়েছে। বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিবেশবান্ধব পণ্য/খাতে অর্থায়নের পথ সুগম করার লক্ষ্যে "পরিবেশবান্ধব পণ্য/উদ্যোগ/প্রকল্পের জন্য ৪০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম" হতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ৭৪১.৬৩ কোটি টাকা বিতরণ করা হয়। বাংলাদেশ ব্যাংকের নিজস্ব অর্থায়নে গঠিত গ্রিন ট্রান্সফরমেশন ফান্ড (জিটিএফ) এর ২০০ মিলিয়ন ইউএস ডলার কম্পোনেন্ট হতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ১৪০.৯৪ মিলিয়ন ইউএস ডলার এবং ২০০ মিলিয়ন ইউরো কম্পোনেন্ট হতে ৭১.২১ মিলিয়ন ইউরো বিতরণ করা হয়। দেশের রপ্তানি কার্যক্রম গতিশীল রাখার লক্ষ্যে ব্যাংকসমূহের প্রি শীপমেন্ট ক্রেডিট এর বিপরীতে পুনঃঅর্থায়নের নিমিত্তে গঠিত ৫,০০০ কোটি টাকার প্রি-শীপমেন্ট ক্রেডিট স্কিম হতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ২,৫২৫ কোটি টাকা বিতরণ করা হয়। এছাড়াও, ১,০০০ কোটি টাকার টেকনোলজি ডেভেলপমেন্ট/আপগ্রেডেশন ফান্ড হতে জানুয়ারি, ২০২৩ পর্যন্ত ৬৩.২৪ কোটি টাকা বিতরণ করা হয়।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
তারিখ:..............
★ বাজেট শাখা ★

৬.২.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২১-২২		২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহের শ্রেণিকৃত ঋণের পরিমাণ হ্রাসকরণ	শ্রেণিকৃত ঋণের পরিমাণ	২	হাজার কোটি টাকা	৪০.৫	৫৫.৪৩	৪৪.৫০	৪৪.৫০	৪২	৪১	৪০
২. কৃষি খাতে ঋণ প্রদান তত্ত্বাবধান	বিতরণকৃত ঋণ	২	হাজার কোটি টাকা	২৮.৩৯	২৮.৮৩	৩০.৯১	৩০.৯১	৩৩.৬৯	৩৬.৭২	৪০.০২
৩. এসএমই খাতে ঋণ প্রদান তত্ত্বাবধান	বিতরণকৃত ঋণ	২	হাজার কোটি টাকা	১৭০	২০৭.৩৯	১৭১	১৬৮	১৮৪	২০৩	২২৩
৪. এজেন্ট ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ	নতুন গ্রাহক সংখ্যা	২	সংখ্যা (লক্ষ)	৫০	৩৮.৬৯	৫৫	৪২	৪৫	৪৮	৫০

৬.২.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২১-২২	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮
পরিচালন কার্যক্রম							
সহায়তা কার্যক্রম							
১৩৪০০০১০০ - বাংলাদেশ ব্যাংক		০	১০	১০	০	০	০
মোট : সহায়তা কার্যক্রম		০	১০	১০	০	০	০
মোট : পরিচালন কার্যক্রম		০	১০	১০	০	০	০
মোট :		০	১০	১০	০	০	০

৬.৩ বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)

৬.৩.১ **সাম্প্রতিক অর্জন:** বিগত তিন অর্থবছর ২০১৯-২০২০, ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ সময়ে কমিশন বিভিন্ন কোম্পানিকে আইপিও, রাইটস, বিভিন্ন ডেট সিকিউরিটিজ ও অন্যান্য সিকিউরিটিজ এর মাধ্যমে যথাক্রমে ৯৬১৭.০৯ কোটি, ১২,৭৯২.০৮ কোটি ও ১৩,৯৭৪.৯৩ কোটি মোট ৩৬,৩৮৪.১০ কোটি টাকা উত্তোলনের অনুমোদন প্রদান করেছে। এ সময়ে বাজার মধ্যস্থতাকারীদের কার্যক্রম বৃদ্ধির জন্য কমিশন মোট ৫১টি স্টক ব্রোকার সনদ, ৫২টি স্টক ডিলার সনদ, ১০টি এ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানি সনদ, ৫৫টি ডেট সিকিউরিটি ইস্যুর জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ, ৩৭টি ডিপোজিটরি অংশগ্রহণকারী নিবন্ধন সনদ, ৮টি ফান্ড ম্যানেজার নিবন্ধন সনদ, ৫টি মার্চেন্ট ব্যাংকার নিবন্ধন সনদ, ৫টি অলটারনেটিভ ইনভেস্টমেন্ট এর জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ, ১টি মিউচুয়াল ফান্ডের জন্য ট্রাস্টি নিবন্ধন সনদ, ৪টি সিকিউরিটিজ কাস্টোডিয়ান নিবন্ধন সনদ, ১টি ক্রেডিট রিটিং নিবন্ধন সনদ, ১১১৪টি অনুমোদিত প্রতিনিধি নিবন্ধন সনদ এবং ১৬১টি ডিজিটাল বুথের নিবন্ধন প্রদান করেছে। বাজারে শৃঙ্খলা সমুন্নত রাখতে এ সময়ে মোট ১৩৫১টি এনফোর্সমেন্ট অ্যাকশন গ্রহণ করা হয়েছে। বিনিয়োগকারীদের জন্য ফিন্যান্সিয়াল লিটারেসি উন্নয়নে এই তিন বছরে মোট ২১,৭২৭ জন বিনিয়োগকারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সময়োপযোগী বাজার সংস্কারকল্পে, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন(মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা ১৯৯৬; বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (অলটারনেটিভ ইনভেস্টমেন্ট) বিধিমালা ২০১৫; সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ইস্যু অব ক্যাপিটাল) বিধিমালা ২০০১; সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মিউচ্যুয়াল ফান্ড) বিধিমালা ২০০১; বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ক্লিয়ারিং এ্যান্ড স্যাটেলম্যান্ট) বিধিমালা ২০১৭; সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সিকিউরিটিজ কাস্টডিয়াল সেবা) বিধিমালা ২০০৩; সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (রাইটস ইস্যু) বিধিমালা ২০০৬; এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০; সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন

(সম্পদভিত্তিক সিকিউরিটিজ ইস্যু) বিধিমালা ২০০৪; বাংলাদেশ সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বাজারসৃষ্টিকারী) বিধিমালা ২০১৭; সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ডিপোজিটরি) প্রবিধানমালা ২০০০; সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (ডিপোজিটরি ব্যবহারিক) প্রবিধানমালা ২০০৩; ইত্যাদি আগস্ট ২০২১ পর্যন্ত হালনাগাদ করা হয়েছে।

৬.৩.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২১-২২		২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. পুঁজিবাজারে নতুন বিনিয়োগ বৃদ্ধি	নতুন বিনিয়োগের পরিমাণ	৩	কোটি টাকায়	১২৭৯২.০৮	১২৭৯২.০৮	১৩,০০০	১৩,০০০	১৩,৫০০	১৩,৫০০	১৩,৫০০
২. পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানি বৃদ্ধি	তালিকাভুক্ত কোম্পানি	৩	সংখ্যা	৩৪৩	৩৪৩	৩৫০	৩৫০	৩৫৫	৩৫৫	৩৫৫
৩. মূলধন উত্তোলনের লক্ষ্যে আইপিও/আরপিও/রাইট/ডেট সিকিউরিটিজ ইস্যুকরণ	আইপিও/ আরপিও/ রাইট/ডেট সিকিউরিটিজ ইস্যুকৃত	৩	সংখ্যা	১৬	১৬	১৮	১৮	২০	২০	২০
৪. দেশব্যাপি ফাইন্যান্সিয়াল লিটারেসি ও বিনিয়োগকারীগণের প্রশিক্ষণ প্রদান	কার্যক্রমে অংশগ্রহণকারী	৩	সংখ্যা	৪৫০০	৬৯১৬	৭৫০০	৭৫০০	৭৮০০	৮০০০	৮৫০০

৬.৩.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২১-২২	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮
সহায়তা কার্যক্রম							
১৩৪০০১০০০ - বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন	১-৪	০	১০	১০	০	০	০
মোট : সহায়তা কার্যক্রম		০	১০	১০	০	০	০
মোট : পরিচালন কার্যক্রম		০	১০	১০	০	০	০
মোট :		০	১০	১০	০	০	০

৬.৪ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

৬.৪.১ **সাম্প্রতিক অর্জন:** বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের তত্ত্বাবধানে দেশে ৪৬টি নন-লাইফ এবং ৩৫টি লাইফ বীমা কোম্পানি কার্যরত রয়েছে। কর্তৃপক্ষ বীমা শিল্প ব্যবসার স্বচ্ছতা ও জবাবদিহির লক্ষ্যে কার্যক্রম তদারকি করেছে। ২০১৯-২০২০ অর্থবছর হতে ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি বীমা বিষয়ক ৮২টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ৩৪৯১ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিগত ৩ (তিন) অর্থবছরের বীমা বিষয়ক ১১ (এগারো)টি সেমিনার এবং ওয়ার্কশপ আয়োজন করেছে। একাডেমি হতে বিগত ৩ (তিন) অর্থবছরে লাইফ এবং নন-লাইফ ইনসিওরেন্স বিষয়ক ৭৭ জন শিক্ষার্থী এসোসিয়েটশীপ অব বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি (ABIA) ডিপ্লোমা ডিগ্রী অর্জন করেছে। একাডেমির মাধ্যমে ২০১৯-২০২০ অর্থবছর হতে ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত ২৬ জন শিক্ষার্থী ACII(UK) কোর্সে ভর্তি ও মেম্বারশীপ ফি প্রদান করেছে। কর্তৃপক্ষ বাংলাদেশের বীমা প্রতিষ্ঠানগুলোর জন্য চাহিদাভিত্তিক বীমা প্রশিক্ষণের ব্যবস্থা করে থাকে।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
তারিখ:..........
বাজেট শাখা

৬.৪.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২১-২২		২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. বীমা দাবী নিষ্পত্তির হার বৃদ্ধি	নিস্পত্তিকৃত দাবীর হার	৪	%	৭৬	৫৮.৭২	৭০.৫	৭০.৫	৭১	৭২	৭৩
৩. বীমা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধি	আয়োজিত ওয়ার্কশপ/ সেমিনার	৪	সংখ্যা	১১	১২	১২	১২	১২	১২	১২

৬.৪.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২১-২২	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮
সহায়তা কার্যক্রম							
১৩১০০২১০০ - বিমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ	১-২	০	১০	১০	০	০	০
মোট : সহায়তা কার্যক্রম		০	১০	১০	০	০	০
মোট : পরিচালন কার্যক্রম		০	১০	১০	০	০	০
উন্নয়ন কার্যক্রম							
বার্ষিক উন্নয়ন কর্মসূচি							
২২৪২২৩৯০০ - বাংলাদেশের বীমা খাত উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) (০১/০৭/২০১৮ - ৩১/১২/২০২৩) অনুমোদিত	২	৪৪,২১,৮৯	৩৪১,৭৬,০০	৪০৫,২২,০০	১২৯,২২,০০	০	০
মোট : বার্ষিক উন্নয়ন কর্মসূচি		**৪৪,২১,৮৯**	**৩৪১,৭৬,০০**	**৪০৫,২২,০০**	**১২৯,২২,০০**	**০**	**০**
মোট : উন্নয়ন কার্যক্রম		**৪৪,২১,৮৯**	**৩৪১,৭৬,০০**	**৪০৫,২২,০০**	**১২৯,২২,০০**	**০**	**০**
মোট :		**৪৪,২১,৮৯**	**৩৪১,৭৬,১০**	**৪০৫,২২,১০**	**১২৯,২২,০০**	**০**	**০**

৬.৫ মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি

৬.৫.১ **সাম্প্রতিক অর্জন:** ক্ষুদ্র ঋণ খাতের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান হিসেবে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি ক্ষুদ্রঋণ খাতের গ্রাহকের ঋণ তথ্য সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য মাইক্রোফাইন্যান্স ক্রেডিট ইনফরমেশন ব্যুরো (MF-CIB) প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে। বিগত ৩ বছরে ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনার জন্য সাময়িক অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ হতে ৭৫টি প্রতিষ্ঠানকে সনদ প্রদান করা হয়েছে। এমআরএ'র সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানের মাধ্যমে ২০১৯-২০, ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরে যথাক্রমে ১ লক্ষ ৩৫ হাজার ২০ কোটি টাকা, ১ লক্ষ ২৭ হাজার ৪ শত ৮০ কোটি এবং ১ লক্ষ ৭০ হাজার কোটি টাকা ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়েছে। উল্লিখিত সময়ে এমআরএ'র সনদপ্রাপ্ত প্রতিষ্ঠানের সদস্যদের নিকট হতে সংগৃহীত আমানতস্থিতি ছিল যথাক্রমে ৩০ হাজার ২ শত কোটি টাকা, ৩৫ হাজার ৫ শত কোটি টাকা এবং ৪২ হাজার ৬ শত কোটি টাকা। ক্ষুদ্রঋণ খাতের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিগত ৩ বছরে ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে কর্মরত প্রায় ৩,৫০০ কর্মকর্তাকে এমআরএ'র আইন-বিধি ও ডাটাবেইজ বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

৬.৫.২ কার্যক্রমসমূহ,ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২১-২২		২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায়	বিতরণকৃত ক্ষুদ্রঋণ	৫	হাজার কোটি টাকা	১৭০	১৭০	১৭৫	১৭৫	১৮০	১৮৫	১৯০

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২১-২২		২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
	আদায়কৃত ক্ষুদ্রঋণ	৫	হাজার কোটি টাকা	১৫৩	১৫৩	১৬১	১৬১	১৬৫	১৭০	১৭৫
২. এমএফআই সুবিধাভোগীদের সংখ্যা বৃদ্ধি	সুবিধাভোগীর সংখ্যা	৫	সংখ্যা (লক্ষ)	৩৩৫	৩৩৫	৩৪০	৩৪০	৩৪৫	৩৫০	৩৫৫
৩. নারীদের মধ্যে ক্ষুদ্রঋণ বিতরণ	ক্ষুদ্রঋণ গ্রহণকারী নারীর সংখ্যা	৫	সংখ্যা (লক্ষ)	২৪০	২৪০.০১	২৫৫	২৫৫	২৫৮	২৬৩	২৬৬

৬.৫.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২১-২২	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮
পরিচালন কার্যক্রম							
সহায়তা কার্যক্রম							
১৩১০০২২০০ - মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি	১-২	০	১০	১০	০	০	০
মোট : সহায়তা কার্যক্রম		০	**১০**	**১০**	**০**	**০**	**০**
মোট : পরিচালন কার্যক্রম		০	**১০**	**১০**	**০**	**০**	**০**
মোট :		০	**১০**	**১০**	**০**	**০**	**০**

৬.৬ বাংলাদেশ ইন্সটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)

৬.৬.১ **সাম্প্রতিক অর্জন:** পুঁজিবাজারের বিষয়ে তাত্ত্বিক ও প্রায়োগিক জ্ঞানের উৎকর্ষ সাধনের জন্য বিভিন্ন প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বি.এস.ই.সি.), স্টক এক্সচেঞ্জ এবং মধ্যস্থতাকারী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে বি.আই.সি.এম. কর্তৃক ইনভেস্টরস এডুকেশন প্রোগ্রাম, সার্টিফিকেট কোর্স ইন সিকিউরিটিজ ল'জ ইন বাংলাদেশ, রিডিং অ্যান্ড আন্ডারস্ট্যান্ডিং ফাইন্যান্সিয়াল স্টেইটমেন্টস, ইন্টারন্যাশনাল ফাইন্যান্সিয়াল স্টান্ডার্ডস, ট্রেইডিং অফ গভর্নমেন্ট ট্রেজারী সিকিউরিটিজ, এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ডস, এডভান্সড টেকনিক্যাল এনালাইসিস, এডভান্সড ফান্ডামেন্টাল এনালাইসিস, ফরেনসিক এনালাইসিস অব ফাইন্যান্সিয়াল স্টেইটমেন্টস, ফিন টেক অ্যান্ড ফাইন্যান্সিয়াল ডেটা এনালিটিক্স, ব্লকচেইন অ্যান্ড ইটস ইমপ্লিকেশনস ইন দি ক্যাপিটাল মার্কেট, মানি লন্ডারিং অ্যান্ড ফাইন্যান্সিয়াল ক্রাইমস ইন দ্যা ক্যাপিটাল মার্কেট, এডভান্সড ডেটা এনালিটিক্স, ফান্ডামেন্টালস অব পোর্টফোলিও ম্যানেজমেন্ট, ফান্ডামেন্টালস অফ ইকুইটি ভ্যাল্যুয়েশন, ক্যাপিটাল রেইজিং ইস্যু ম্যানেজমেন্ট অ্যান্ড আন্ডাররাইটিং, বন্ড ইস্যুয়েন্স ভ্যাল্যুয়েশন অ্যান্ড এনালাইসিস, ইনভেস্টমেন্ট সুকুক, ইসলামিক ফাইন্যান্স, কমোডীটিজ এক্সচেঞ্জ, রিস্ক ম্যানেজমেন্ট ইন মানি মার্কেট অ্যান্ড ক্যাপিটাল মার্কেট, ডেটা সাইন্স ফর ফাইন্যান্স অ্যান্ড ইকোনমিক্স ইত্যাদি বিষয়ে এ পর্যন্ত মোট ২১,২০০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ইন্সটিটিউট, তার দীর্ঘদিনের ফ্ল্যাগশিপ প্রোগ্রাম পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ক্যাপিটাল মার্কেট (পিজিডিসিএম) এর পাশাপাশি অধুনা ২-বছর মেয়াদী মাস্টার অব অ্যাপ্লাইড ফাইন্যান্স অ্যান্ড ক্যাপিটাল মার্কেট নামক একটি বিশেষায়িত স্নাতকোত্তর ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত হয়ে পরিচালনা করছে। এছাড়াও সার্টিফায়েড ফাইন্যান্সিয়াল মডেলিং এন্ড ভ্যালুয়েশন সম্পর্কিত নামে একটি সার্টিফিকেশন প্রোগ্রাম, যা বাংলাদেশে প্রথম শুরু হয়েছে। জানুয়ারি ২০২১ হতে মাসিক সেমিনার সিরিজ শুরু হয়েছে এবং এ পর্যন্ত এর অধীনে মোট ২০টি রিসার্চ সেমিনার অনুষ্ঠিত হয়েছে; এ ছাড়াও অন্যান্য সমসাময়িক অর্থ ও পুঁজিবাজার সম্পর্কিত বিষয়ের ওপর কর্মশালা, সিম্পজিয়াম, কনফারেন্স, এবং গোলটেবিল বৈঠকের আয়োজন করা হয়েছে। দেশে প্রথমবারের মত টেকসই অর্থায়ন ও বিনিয়োগের ওপর দু'দিন ব্যাপী আন্তর্জাতিক ভার্চুয়াল সম্মেলন ২০২১ সালের এপ্রিল মাসে আয়োজন করা হয়েছে। বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উপলক্ষে BICM বঙ্গবন্ধু FinQuiz 2021 আয়োজিত হয়েছে। ইন্সটিটিউটের নিজস্ব জার্ণাল বাংলাদেশের পুঁজিবাজার এর ওপর প্রকাশিত প্রথম একাডেমিক জার্ণাল Journal of Financial Markets and

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
তারিখ:.............
বাজেট শাখা

Governance এর প্রথম সংখ্যা ডিসেম্বর ২০২১ এ প্রকাশিত হয়, যা বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও জাতির পিতার জন্মশতবার্ষিকী কে উপলক্ষ করে উৎসর্গ করা। এছাড়াও, ইন্সটিটিউট বর্তমানে নিয়মিতভাবে মাসিক Financial Market Review নামে একটি বিশ্লেষণ ভিত্তিক প্রকাশনা অব্যাহত রেখেছে। ইন্সটিটিউট তার কার্যপরিধি এবং কাজের ব্যাপ্তি প্রসারিত করার লক্ষ্যে বিভিন্ন শিক্ষা ও পেশাজীবী প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে দি ইন্সটিটিউট অব চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (আইসিএবি), দি ইন্সটিটিউট অব চার্টার্ড সেক্রেটারিজ অব বাংলাদেশ (আইসিএসবি), বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন (বিএমবিএ), দি এসোসিয়েশন অব চার্টার্ড সার্টিফায়েড একাউন্ট্যান্টস (এসিসিএ)- এর বাংলাদেশ অধ্যায়, আহসানউল্লাহ ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি। এছাড়াও আরও কয়েকটি স্থানীয় এবং আন্তর্জাতিক শিক্ষা, গবেষণা, ও পেশাজীবী সংগঠনের সাথে সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরের কার্যক্রম অপেক্ষমান।

৬.৬.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২১-২২		২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১. পুজিবাজারে বিনিয়োগকারীদের জন্য প্রশিক্ষিত	প্রশিক্ষিত বিনিয়োগকারী/ জনবল	১	সংখ্যা	১৫০০	১৪৭৯	১৫৫০	১৫৫০	১৬০০	১৬৫০	১৭০০
২. মাস্টার অব অ্যাপ্লাইড ফিন্যান্স অ্যান্ড ক্যাপিটাল মার্কেট (এমএএফসিএম) চালু	এমএএফসিএম প্রোগ্রাম সংখ্যা	[১]	[ব্যাচ]	-	-	২	২	২	২	২
৩. পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা এবং সার্টিফিকেট কোর্স অন ক্যাপিটাল মার্কেট প্রোগ্রাম আয়োজন	পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা প্রোগ্রাম সংখ্যা	১	ব্যাচ	৩	৩	৩	৩	৩	৩	৩
	সার্টিফিকেট প্রোগ্রাম সংখ্যা	১	সংখ্যা	১১	১১	১২	২২	২৪	২৪	২৪

৬.৬.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২১-২২	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮
সহায়তা কার্যক্রম							
১৩১০০১৯০০ - বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম)	১-২	১০,০০,০০	১০,৭৯,৬০	১০,৭৯,৬০	১১,০০,০০	১৩,৬৫,১৩	১৪,৯৩,১৬
মোট : সহায়তা কার্যক্রম		**১০,০০,০০**	**১০,৭৯,৬০**	**১০,৭৯,৬০**	**১১,০০,০০**	**১৩,৬৫,১৩**	**১৪,৯৩,১৬**
মোট : পরিচালন কার্যক্রম		**১০,০০,০০**	**১০,৭৯,৬০**	**১০,৭৯,৬০**	**১১,০০,০০**	**১৩,৬৫,১৩**	**১৪,৯৩,১৬**
মোট :		**১০,০০,০০**	**১০,৭৯,৬০**	**১০,৭৯,৬০**	**১১,০০,০০**	**১৩,৬৫,১৩**	**১৪,৯৩,১৬**

৬.৭ বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি

৬.৭.১ **সাম্প্রতিক অর্জন:** বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি বীমা খাতের উন্নয়নের জন্য চাহিদাভিত্তিক যুগোপযোগী প্রশিক্ষণ, সেমিনার/কর্মশালা আয়োজন করে থাকে। ২০১৯-২০২০ অর্থবছর হতে ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি বীমা বিষয়ক ৮২টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ৩৪৯১ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বিগত ৩ (তিন) অর্থবছরের বীমা বিষয়ক ১১ (এগারো)টি সেমিনার এবং ওয়ার্কশপ আয়োজন করেছে। একাডেমি হতে বিগত ৩ (তিন) অর্থবছরে লাইফ এবং নন-লাইফ ইনসিওরেন্স বিষয়ক ৭৭ জন শিক্ষার্থী এসোসিয়েটশীপ অব বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি (ABIA) ডিপ্লোমা ডিগ্রী অর্জন করেছে। একাডেমির মাধ্যমে ২০১৯-২০২০ অর্থবছর হতে ২০২১-২০২২ অর্থবছর পর্যন্ত ২৬ জন শিক্ষার্থী ACII(UK) কোর্সে ভর্তি ও মেম্বারশীপ ফি প্রদান করেছে।

৬.৭.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
				২০২১-২২		২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৭	৮	৯	১০	১১	১২	১৩
১. বীমা বিষয়ক প্রশিক্ষণ প্রদান	প্রশিক্ষিত জনবল	৩	সংখ্যা	১১০০	১১৭২	১১২৫	১১২৫	১১৫০	১১৭৫	১২০০

৬.৭.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম	সংশ্লিষ্ট কার্যক্রম	প্রকৃত ২০২১-২২	বাজেট	সংশোধিত বাজেট	মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন		
			২০২২-২৩		২০২৩-২৪	২০২৪-২৫	২০২৫-২৬
১	২	৩	৪	৫	৬	৭	৮
সহায়তা কার্যক্রম							
১৩১০০২০০০ - বাংলাদেশ ইনস্যুরেন্স একাডেমি	১	১,৭০,০০	১,৯১,১০	১,৯১,১০	২,০২,৮০	২,৩০,০০	২,৪০,০০
মোট : সহায়তা কার্যক্রম		**১,৭০,০০**	**১,৯১,১০**	**১,৯১,১০**	**২,০২,৮০**	**২,৩০,০০**	**২,৪০,০০**
মোট : পরিচালন কার্যক্রম		**১,৭০,০০**	**১,৯১,১০**	**১,৯১,১০**	**২,০২,৮০**	**২,৩০,০০**	**২,৪০,০০**
মোট :		**১,৭০,০০**	**১,৯১,১০**	**১,৯১,১০**	**২,০২,৮০**	**২,৩০,০০**	**২,৪০,০০**